



আজ সন্ধ্যায় বিএনপির প্রতিনিধি দলের সাথে প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বিএনপির প্রতিনিধি দল মঙ্গলবার (২১ অক্টোবর) সন্ধ্যা ৬টায় সাক্ষাৎ করবে। সাক্ষাৎটি অনুষ্ঠিত হবে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায়। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নেতৃত্বে দলটির একটি প্রতিনিধিদল এই সাক্ষাৎকালে অংশ নেবে। প্রাথমিকভাবে জানা গেছে, জুলাই সনদ ইস্যুতে দলের অবস্থান নিয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে আলোচনা হবে। এছাড়া দলের পক্ষ থেকে পরামর্শ ও সুপারিশ উপস্থাপন করা হতে পারে। গত শুক্রবার জুলাই সনদে স্বাক্ষর করেন বিএনপিসহ বেশ কয়েকটি রাজনৈতিক দল। সনদে স্বাক্ষরের পর এটি প্রধান উপদেষ্টার সঙ্গে বিএনপির প্রথম আনুষ্ঠানিক বৈঠক হিসেবে দেখা হচ্ছে।

LENS ASIA